

জানুআরি, ১৮৯৬

প্রিয় সারদা,

...তোমার কাগজের idea (সঙ্কল্প) অতি উত্তম এবং উঠে পড়ে লেগে যা, পরোয়া নেই। ৫০০ টাকা পত্রপাঠ পাঠিয়ে দেব, ভাবনা নাই টাকার জন্য। আপাতত এই চিঠি দেখিয়ে কারুর কাছে ধার করে নে। এই চিঠির জবাব -- চিঠির উত্তরে আমি ৫০০ টাকা পাঠিয়ে দেব। ৫০০ টাকায় কিছু আসে যায় কি? খ্রীষ্টিয়ান, মুসলমান ধর্ম প্রচারের ঢের লোক আছে, তুই আপনার দেশী ধর্মের প্রচার এখন করে ওঠ দিকি। তবে কোনও আরবী জানা মুসলমান-ভাষা ধরে যদি পুরান আরবী গ্রন্থের তর্জমা করাতে পার, ভাল হয়। ফার্সী ভাষায় অনেক Indian History (ভারতীয় ইতিহাস) আছে। যদি সেগুলো ক্রমে ক্রমে তর্জমা করাতে পার, একটা বেশ regular item (নিয়মিত বিষয়) হবে। লেখক অনেক চাই। তারপর গ্রাহক যোগাড়ই মুশকিল। উপায় তোরা দেশে দেশে ঘুরে বেড়াস, বাঙলা ভাষা যেখানে যেখানে আছে, লোক ধরে কাগজ গতিয়ে দিবি।... চালাও কাগজ, কুছ পরোয়া নাই। শশী, শরৎ, কালি প্রভৃতি সকলে পড়ে (মিলে) আরম্ভ কর। ঘরে বসে ভাত খেলে কি হয়? তুই খুব বাহাদুরি করেছিস। বাহবা, সাবাস! গুঁজগুঁজেগুলো পেছ পড়ে থাকবে হাঁ করে, আর তুই লক্ষ্য দিয়ে সকলের মাথায় উঠে যাবি। ওরা নিজেদের উদ্ধার করছে না হবে ওদের উদ্ধার, নি হবে কারুর। মোচ্ছব (মহোৎসব) এমনি মাচাবি যে, দুনিয়াময় তার আওয়াজ যায়। অনেকে আছেন, যাঁরা কেবল খুঁত কাড়তে পিরেন; কিন্তু কাজের বেলা তো 'খোঁজ খবর নহি পাওয়ে।' লেগে যা, যত পারিস। পরে আমি ইন্ডিয়ায় (ভারতে) এসে তোলপাড় করে তুলব। ভয় কি? 'নাই নাই বললে সাপের বিষ উরে যায়।' -- নাই নাই বলে যে নাই হয়ে যেতে হবে!

গঙ্গাধর খুব বাহাদুরি করছে। সাবাস! কালি তার সঙ্গে কাজে লেগেছে। খুব সাবাস! একজন মাদ্রাজে যা, একজন বম্বে যা। তোলপাড় কর দুনিয়া। কি বলব আপসোস -- যদি আমার মতো দুটা তিনটা তোদের মধ্যে থাকত -- ধরা কাঁপিয়ে দিয়ে চলে যেতুম। কি করি, ধীরে ধীরে যেতে হচ্ছে। তোলপাড় কর। -- তোলপাড় কর। একটাকে চীন দেশে পাঠিয়ে দে, একটাকে জাপান দেশে পাঠা। গৃহস্থদের কাজ নয়।... সন্ন্যাসীর দলকে হুঙ্কার দিতে হবেঃ 'হ--র, হ--র, শ--স্তো!' ইতি --

বিবেকানন্দ